

ভেঙ্গে যাবে তোর মিলন,
সঙ্গ হবে ভবের খেলা ।
শেষে বাসর তোর কেওড়াতলা,

গঙ্গা নদীর কিনারায় ।

৩। যে ছিল তোর আপন আপন,
আপন নয় সে নিশার স্বপন ।
পরের ঘরে জীবন যাপন

পর কি কখন আপন হয় ?

যার জন্যে তোর আঁখি কান্দা,
যার হাতে ছিলি বান্ধা ।
ছিলি, অঙ্গ চিরি আধা আধা,

সে ধনি তোর আপন নয় ॥

৪। আপন আমার হরিচন্দ্র
আপন আমার গুরুচন্দ্র
আপন আমার পিয়ারচন্দ্র

হিয়ার পুতুল প্রেমময় ॥

আপন মাতা বীণাপানি,
ভজ মায়ের পা দু'খানি ।
গোপাল চাঁদের অভয় বাড়ী,

ভজ গুরুচাঁদের পায় ॥

